রূপগঞ্জে ব্যবসায়ী মামুন হত্যার ৬ দিন পেরিয়ে গেলেও আসামিরা এখনো ধরাছোঁয়ার বাইরে



ছবি: লেন্স এশিয়া

নারায়ণগঞ্জের রূপগঞ্জে ব্যবসায়ী মামুন ভূঁইয়া হত্যাকাণ্ডের ঘটনায় আজ ছয় দিন পেরিয়ে গেলেও আসামিরা এখনো ধরাছোঁয়ার বাইরে। আজ বেলা ১১টায় রূপগঞ্জ প্রেসক্লাবে আসামিদের গ্রেফতার ও শাস্তির দাবিতে সংবাদ সম্মেলন করেন ভুক্তভোগী পরিবার ও স্থানীয় এলাকাবাসী। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন নিহত ব্যবসায়ী মামুনের বড় ভাই আওলাদ হোসেন ভুট্টু ও বাদল ভুঁইয়া, স্ত্রী ইমা আক্তারসহ আরো অনেকে।

সংবাদ সম্মেলনে বক্তারা অভিযোগ করেন "ভুলতা ও গোলাকান্দাইল এলাকার শীর্ষ সন্ত্রাসী, চাঁদাবাজ, অস্ত্র ও মাদক ব্যবসায়ী জাহিদুল ইসলাম বাবু ছাত্রদলের নাম ভাঙ্গিয়ে এলাকায় নানা অপকর্ম করে আসছে দীর্ঘদিন ধরে। গত ছয় দিন আগে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ নেতা সাব্বির হোসেন খোকাকে এলাকাবাসীর কাছ থেকে ছিনিয়ে নেওয়ার সময় ছাত্রদলের পরিচয়ধারী সন্ত্রাসী জাহিদুল ইসলাম বাবুসহ তার লোকজন এলাকাবাসীর ওপর হামলা করে। এ সময় ব্যবসায়ী মামুন ভূঁইয়াকে প্রকাশ্যে দিবালোকে মাথায় গুলি করে হত্যা করে।"

এ ঘটনায় নিহত ব্যবসায়ী মামুনের ভাই বাদল ভুঁইয়া বাদি হয়ে ১৬ জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাত প্রায় ১২ জনকে আসামি করে মামলা করেন। কিন্তু এই হত্যাকাণ্ডের ৬ দিন পেরিয়ে গেলেও আসামিরা এখনো ধরাছোঁয়ার বাইরে। আসামিদের পরিচয় জানার পরেও এখন পর্যন্ত প্রশাসন কোন আসামিকে গ্রেফতার করতে পারেনি। দ্রুত আসামিদের গ্রেফতার করা না হলে এলাকাবাসীকে সঙ্গে নিয়ে কঠোর আন্দোলনের ঘোষণা দিবে বলে জানিয়েছে ভুক্তভোগী পরিবার।

LENS ASIA